



[একই স্মারক ও তারিখের বিকল্প আদেশ]  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).৩৩৯০

তারিখ: ০৭/১১/২০২৩ খ্রি.

**বিষয়: ২০২৪ শিক্ষাবর্ষে সরকারি (সকল) ও বেসরকারি (মহানগর ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে অনলাইন লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন অনুষ্ঠানের ভেন্যু নির্ধারণসহ আনুষ্ঠানিকতা আয়োজন।**

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬(অংশ-১).২৪২; তারিখ: ০৫ নভেম্বর ২০২৩  
২। মাউশি'র স্মারক নং -৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-১).৩২৩৩; তারিখ: ১৭/১০/২০২৩ খ্রি.  
৩। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-২).৩২৩৪; তারিখ: ১৭/১০/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪ শিক্ষাবর্ষে সরকারি (সকল) ও বেসরকারি (মহানগর ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে ১ম শ্রেণি হতে ৯ম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী ভর্তির জন্য অনলাইন লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে মাউশি অধিদপ্তরের সূত্রোক্ত (১) ও (২) নং স্মারকে সরকারি (সকল) ও বেসরকারি (মহানগর ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ২৪ অক্টোবর ২০২৩ হতে ভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের নিকট হতে অনলাইনে ভর্তির আবেদন স্বগ্রহ করা হচ্ছে যা ১৪ নভেম্বর ২০২৩ পর্যন্ত চলবে। আগামী ২৮ নভেম্বর ২০২৩ তারিখ মঙ্গলবার সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও বেসরকারি (মহানগর ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ের আবেদনকৃত শিক্ষার্থীদের অনলাইন লটারি অনুষ্ঠানের দিন ধার্য করা হয়েছে।

এতদসংক্রান্ত বিষয়ে ধার্যকৃত তারিখ অনুযায়ী লটারি অনুষ্ঠানের ভেন্যু আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) নির্ধারণসহ যাবতীয় আনুষ্ঠানিকতা আয়োজন সংক্রান্ত প্রস্তুতি বিষয়ে ২৩/১১/২০২৩ খ্রিষ্টাব্দের মধ্যে মাউশি অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিল পরিশোধের ক্ষেত্রে চেকের উপর নিম্নোক্ত ঠিকানা লিখতে হবে:**


- শুধুমাত্র ভাড়া প্রদানের ক্ষেত্রে- 'মহাপরিচালক ও পরিচালক (প্রশাসন ও অর্থ), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট'
- ভ্যাট ও আয়করের অর্থ ভিন্ন চেকে পৃথকভাবে- 'সরকারি কোষাগার' লিখে প্রদান করতে হবে।

স্বাক্ষরিত/-  
অধ্যাপক নেহাল আহমেদ  
মহাপরিচালক

মহাব্যবস্থাপক  
(বিপণন ও ভ্যাস)  
টেলিটক বাংলাদেশ লিমিটেড  
[দৃ: আ: জনাব মো: জাহিদুর রহমান, ম্যানেজার (ভ্যাস)]

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;  
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১ ও ২)]
- ২। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;  
[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩। সংরক্ষণ নথি।

  
২০.১১.২০২৩  
(মোহাম্মদ আজিজ উদ্দিন)  
উপপরিচালক (মাধ্যমিক)  
☎ ০২-৪১০৫০২৮৩  
[dd-sec@dshe.gov.bd](mailto:dd-sec@dshe.gov.bd)